বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

[redacted]

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/২৭ তারিখ : ০৩/০১/২০১৮

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এর ফলাফল প্রেরণ প্রসঙ্গে।

জনাব
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা ২০১৬ এর ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সিমেস্টারের বিষয়ভিত্তিক এবং চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। প্রকাশিত চূড়ান্ত ফলাফলের ০২ সেট গেজেট আপনার আঞ্চলিক কেন্দ্রে প্রেরণ করা হ'ল।

২। চূড়ান্তভাবে উত্তীর্ণ পরীক্ষার্থীদের সিজিপিএ (CGPA) **bou.ac.bd** এবং Semester/Detail Result- **exam.bou.edu.bd** ওয়েব ঠিকানায় পাওয়া যাবে। এছাড়াও **SMS** এর মাধ্যমে চূড়ান্ত ফলাফল পাওয়ার জন্য **bou<space>student ID (11digits without any space, *for example* 14023810001)** লিখে বাংলালিংক এ ২৭০০ এবং অন্যান্য অপারেটরে ২৭৭৭ এ **SMS** পাঠাতে হবে।

৩। উল্লেখ্য, ১০টির অধিক কোর্সে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ফলাফল **WH** রাখা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত শিক্ষার্থীদের নিয়মিত রেজিস্ট্রেশন কোর্স সঠিক রেখে অতিরিক্ত কোর্স বাদ দিয়ে সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে আগামী ১৮/০১/২০১৮ তারিখের মধ্যে আবেদন জমা দিতে হবে। আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র থেকে তাদের তালিকা পরীক্ষা বিভাগে পাওয়ার পর ফলাফল প্রকাশ করা হবে। উক্ত শিক্ষার্থীদের ফলাফলের বিষয়ে **On Line** -এ অভিযোগ করার কোন প্রয়োজন নেই।

উক্ত ফলাফলসহ বর্ণিত তথ্যাদি আপনার আওতাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্রে এবং স্টাডি সেন্টারসমূহে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ।

(এ এস এম নোমান আলম)
যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. ডীন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এস এস এস বিভাগ, বাউবি।
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সংরক্ষণ নথি।

[redacted]

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/২৮

তারিখ: ০৩/০১/২০১৮

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা ২০১৭ এ পুনঃ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের ফি জমাদান প্রসঙ্গে।

জনাব
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা পরীক্ষা ২০১৬ এর ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সিমেস্টারের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। যে সকল শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে তাদের পুনঃ পরীক্ষার ফি জমাদানপূর্বক বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৭ এ পুনঃ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের পুনঃ পরীক্ষার আবেদন গ্রহণ ও তালিকাভুক্ত করে পরীক্ষা বিভাগে প্রেরণ সংক্রান্ত বিষয়ে অনুসরণীয় সূচি নিম্নরূপঃ

(ক)	পুনঃ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের পুনঃ পরীক্ষার ফি জমাদান পূর্বক নির্ধারিত ফর্মে আবেদন করার সর্বশেষ তারিখ:	**জরিমানা ব্যতিত : ১৮/০১/২০১৮** **জরিমানাসহ :** ১ম পর্যায় : ২১/০১/২০১৮ হতে ২৫/০১/২০১৮ ২য় পর্যায় : ২৮/০১/২০১৮ হতে ৩১/০১/২০১৮
(খ)	আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রের পুনঃ পরীক্ষার সকল আবেদন তালিকাভূক্ত করে সংশিষ্ট আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে পরীক্ষা বিভাগে পৌঁছানোর শেষ তারিখ: (পরীক্ষা বিভাগে পুন: পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক তালিকা প্রেরণ করতে হবে। শিক্ষার্থীদের আবেদনপত্র সংশিষ্ট আঞ্চলিক কেন্দ্রে সংরক্ষিত থাকবে। এছাড়াও পুন: পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক তালিকা exam.cu@bou.edu.bd, exam.cu@gmail.com ও controller@bou.edu.bd ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে)।	০৫/০২/২০১৮

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর পুনঃ পরীক্ষার কোন তালিকা গ্রহণ করা হবে না। বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ।

(এ এস এম নোমান আলম)
যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. ডীন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি (নির্ধারিত তারিখের মধ্যে তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সংরক্ষণ নথি।

[redacted]

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/২৯

তারিখ : ০৩/০১/২০১৮

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এর ফলাফল সংক্রান্ত অভিযোগ প্রেরণ প্রসঙ্গে।

জনাব
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এর ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সিমেস্টারের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। কোর্স সংক্রান্ত জটিলতা, আইডি নম্বরের অস্পষ্টতা বা ফি পরিশোধ সংক্রান্ত যথাযথ সুপারিশ থাকা সত্ত্বেও কোন শিক্ষার্থীর ফলাফল প্রকাশ না হয়ে থাকলে তাকে অনলাইনে ফলাফল সংক্রান্ত বিষয়ে অভিযোগ করতে হবে। **বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এর ফলাফলের সমস্যা সংক্রান্ত অভিযোগ exam.bou.edu.bd ওয়েব ঠিকানায় অভিযোগ বিএ এবং বিএসএস অভিযোগ লিংকে ০৪/০১/২০১৮ তারিখ হতে করা যাবে। অভিযোগের সর্বশেষ তারিখ ২০/০১/২০১৮ খ্রিঃ। উক্ত অভিযোগের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে**। পরবর্তীতে অভিযোগ আইডি ও স্টুডেন্ট আইডি দিয়ে উক্ত ওয়েব সাইটে অভিযোগের উত্তর পাওয়া যাবে। নির্ধারিত তারিখের পর কোন অভিযোগ গ্রহণ করা হবে না। **Online ছাড়া সরাসরি/কুরিয়ার/ডাকযোগে অথবা আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না**। তবে ফি সংক্রান্ত অভিযোগ আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে যথাযথ প্রমাণাদিসহ দাখিল করতে হবে। আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র হতে তা যাচাই করে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করতে হবে। বর্ণিত বিষয়গুলো সংশিষ্ট সকলকে অবগত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ।

৩/১/১৮

(এ এস এম মোমান আলম)
যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। ডীন, এসএসএইচএল, বাউবি।
২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষণ নথি।

[redacted]

২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/ ৬০ তারিখ : ০৩/০১/২০১৮

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা -২০১৬ এর ফলাফল পুন:নিরীক্ষণ প্রসঙ্গে।

জনাব
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এর ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সিমেস্টারের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী ফলাফল পুন: নিরীক্ষা করাতে ইচ্ছুক তাদেরকে বাউবি'র নির্ধারিত ব্যাংকে প্রতি বিষয়ে পুন:নিরীক্ষণ ফি বাবদ ৫০০/- (পাঁচশত টাকা) জমা দিয়ে নির্দিষ্ট ফরমে বিষয়ভিত্তিক আবেদন করতে হবে এবং আবেদন পত্রের সাথে ব্যাংক রশিদ এর মূলকপি সংযুক্ত করতে হবে। **পুন:নিরীক্ষার আবেদনপত্র ডাকযোগে সরাসরি "পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫" বরাবর আগামী ১৮/০১/২০১৮ তারিখের মধ্যে পৌছাতে হবে। খামের উপরে "বিএ এবং বিএসএস পরীক্ষা ২০১৬ এর পুনঃ নিরীক্ষণের আবেদনপত্র" কথাটি অবশ্যই লিখতে হবে।** নির্ধারিত তারিখের পরে প্রেরিত কোন আবেদন বিবেচনা করা হবে না। পুন:নিরীক্ষণ সংক্রান্ত তথ্যাদি শিক্ষার্থীদের অবগত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ।

(এ এস এম মোমান আলম)
যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। ডীন, এসএসএইচএল, বাউবি।
২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষণ নথি।